জাতিসংঘ সাপ্তাহিক সংবাদ সংক্ষেপ

সংখ্যা - জানুয়ারি ২০০৯/০১

জাতিসংঘ তথ্য কেন্দ্র,ঢাকা

সংবাদ শিরোনাম

* শ্রীলংকা: বেসামরিক জনগনের নিরাপত্তা নিশ্চিত করতে সরকার ও বিদ্রোহীদের প্রতি জাতিসংঘ মহাসচিব বান কি- মুনের আহ্বাণ
* মিয়ানমার: জীবনযাপন ব্যবস্থা পুনরুদ্ধারে ঘূর্ণিঝড় আক্রান্তদের সাহায্যের প্রয়োজন- জাতিসংঘ
* ইরাক: জাতিসংঘ উচ্চপদস্থ কূটনীতিক ইরাকি প্রদেশে অগ্রীম ভোট গ্রহণকে একটি " ভাল প্রারাম্ভ" বলে আখ্যায়িত করেছেন
* জাতিসংঘ পল্লী উন্নয়ন সংস্থা কাজাকিস্থানের দরিদ্র কৃষকদের সাহায্য করবে

বেসামরিক জনগনের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে সরকার ও বিদ্রোহীদের প্রতি জাতিসংঘ মহাসচিব বান কি- মুনের আহ্বাণ

৩০ জানুয়ারি- জাতিসংঘ মহাসচিব বান কি- মুন আজ বেসামরিক জনগনের নিরাপদ যাতায়াত নিশ্চিত করতে সরকার ও বিদ্রোহীদের তাদের সামর্থ অনুযায়ী সর্বকিছু করার আহ্বাণ জানিয়েছেন। দেশটির উত্তরাঞ্চলীয় দ্বীপে ভয়াবহ যুদ্ধে প্রায় ২৫০,০০০ বেসামরিক লোক আটকা পড়েছে।

মুখপাত্র কর্তৃক ইস্যুকৃত এক বক্তব্যে, জনাব বান শ্রীলংকার সরকার এবং লিবারেশন টাইগারস্ অব তামিল এলম্ (LTTE) কে এই জনপদটি নিরাপদ করতে সম্ভাব্য সব কিছু করার এবং আন্তর্জাতিক মানবিক আইন অনুযায়ী বেসামরিক জনগনের নিরাপদ চলাচল নিশ্চিত করার আহবান জানান।

মহাসচিব রাষ্ট্রপতি মাহিন্দ্র রাজাপাকসের আটকে পড়া বেসামরিক জনগণের জন্য নিরাপদ যাতায়াতের ঘোষণাকে স্বাগত জানিয়েছেন, তবে চলমান যুদ্ধ পরবর্তী পরিস্থিতিতে তাদের কল্যাণ সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।

গতকাল জাতিসংঘ মানবাধিকার বিষয়ক হাই কমিশনার নাভি পিলয় বেসামরিক জনগণকে আটক, তাদের ক্ষয়ক্ষতি মানবাধিকারের চরম অবমাননা এবং ভয়াবহ বাস্তুচ্যুতিসহ এই এলাকার পরিস্থিতির দ্রুত অবনতি বিষয়ে সর্তক করে দেন।

আজকের বক্তব্যের মাধ্যমে জনাব বান, সরকার নিয়ন্ত্রিত এলাকাসহ যুদ্ধ বিক্ষুব্ধ এলাকায় বেসামরিক জনগণকে নির্বিঘ্নে এক স্থান থেকে আরেক স্থানে চলাচল করার অনুমতি দেবার আহ্বান জানান।

তিনি , যুদ্ধ বিক্ষুব্ধ এলাকা থেকে যারা আসবে তাদের স্বাধীন চলাচল, মৌলিক চাহিদা পুরনের সুবিধা এবং সব মানবিক সংস্থার সঙ্গো যোগাযোগ করার পুর্ণ সুযোগ নিশ্চিত করতে সরকারকে আহ্বান জানান।

জনাব বানের মুখপাত্র জাতিসংঘ যে কোনো ধরণের মানবিক সাহায্য দিতে প্রস্তুত আছে বলে উলে-খ করে বলেন, দ্রুত ও নিয়মতান্ত্রিক উপায় যুদ্ধ বন্ধে আশু পদক্ষেপ নেয়া প্রয়োজন।

মিয়ানমার: জীবনযাপন ব্যবস্থা পুনরুদ্ধারে ঘূর্ণিঝড় আক্রান্তদের সাহায্যের প্রয়োজন- জাতিসংঘ

২৯ জানুয়ারি- জাতিসংঘ সহযোগীতায় দাতাদের এক সভায় অংশগ্রহনকারীরা বলেন মিয়ানমারে গত বছরের ঘূর্ণিঝড় নার্গিসে বেচেঁ যাওয়া মানুষদের জীবনযাপন ব্যবস্থা পুনরুদ্ধারে দক্ষিণ-পুর্ব এশিয়ার এই দেশটিকে সাহায্য করা প্রয়োজন । উলে-খ্য এই ঝড়ে ১৪০,০০০ জনের প্রান হানি

ঘটে।

UN Resident and Humanitarian Coordinator বিশ্ব পারাজুলি বলেন, 'ঝড় মানুষের জীবন ধারনের প্রয়োজনীয় সবকিছু, এমনকি খাদ্য উৎপাদন এবং তাদের পরিবারের জন্য আয়ের নিশ্চয়তার সুযোগও ছিনিয়ে নিয়ে গেছে। তিনি বলেন, সবচেয়ে ক্ষতিগ্রস্থ এলাকা আইইয়ার্ডি ডেল্টার লোকদের মাছ ধরার জাল, নৌকা এবং গৃহপালিত পশু প্রভৃতি দিয়ে সহযোগিতা করা অপরিহার্য ।কূটনীতিক, জাতিসংঘ সংস্থা এবং আন্তর্জাতিক সংস্থাসহ প্রায় ৬০ জন ইয়াংগুনে ২৭ জানুয়ারি জাতিসংঘ আয়োজিত দাতাদের এই সভায় অংশগ্রহণ করে।জাতিসংঘ ৪৭৭ মিলিয়ন ডলারের যে মানবিক সাহায্যের আবেদন করেছিল তার মাত্র দুই তৃতীয়াংশ পুরণ হয়েছে, কৃষিখাতে ৩০ শতাংশেরও কম বরাদ্দ করা সম্ভব হয়েছে।এই ভয়াবহ ঝড়ে প্রচুর পশুসম্পদের প্রানহানি হয়েছে এবং শুধুমাত্র আইইয়ার্ডি ডিভিশনের এক তৃতীয়াংশ গৃহস্থালীর জীবনধারণের জন্য প্রয়োজনীয় মৎস সম্পদ নষ্ট হয়ে গেছে।

গতকাল জাতিসংঘ খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এবং জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসুচি (WFP) ইস্যুকৃত এক প্রতিবেদনে উলে-খ করা হয় যে যদিও গত বছর মিয়ানমারের যেসব এলাকায় ঘূর্ণিঝড় নার্গিস আঘাত হানেনি সেসব এলাকায় কৃষির সামগ্রীক উৎপাদন সন্তোষজনকই ছিল তবে তা ক্ষতিগ্রস্থ মানুষের বর্ধিত চাহিদা মেটাতে পারছে না।

ঘূর্ণিঝড়ে ডেল্টা এলাকার ধানের ফলনের ক্ষতি হয়েছে এবং প্রকাশিত খবর অনুযায়ী আশা করা হচ্ছে এবছর ফলন ২০০৭ এর অর্ধেক হবে।

ইরাক: জাতিসংঘ উচ্চপদস্থ কূটনীতিক ইরাকি প্রদেশে অগ্রীম ভোট গ্রহণকে একটি " ভাল প্রারাম্ভ" বলে আখ্যায়িত করেছেন

২৮ জানুয়ারি- ইরাকী পুলিশ, মিলিটারি, বন্দী হওয়া জনগোষ্ঠি এবং হাসপাতাল কর্মীদের অগ্রীম ভোট দেয়ার মাধ্যমে, ৩১ জানুয়ারি দেশব্যাপী অনুষ্ঠিতব্য প্রাদেশিক নির্বাচনের নিয়মতান্ত্রিক সুচনা হয়েছে বলে জাতিসংঘ উচ্চপদস্থ কূটনীতিক মন্তব্য করেন।

বাগদাদে আন্তর্জাতিক জোনে একটি বিশেষ ভোট কেন্দ্র পরিদর্শন শেষে জাতিসংঘ মহাসচিব বান কি- মুনের বিশেষ প্রতিনিধি স্তাফন ডি মিসতুরা বলেন প্রাদেশিক নির্বাচন ভালভাবে শুরু হওয়ায় জাতিসংঘ অত্যন্ত খুশি। তিনি আরোও উলে-খ করেন, শনিবারের নির্বাচনের জন্য এই বাধাহীন শুরু একটি ভাল নির্দেশক ছিল।

আজ ইরাকে ৩৭২ টি বিশেষ ভোট কেন্দ্র এবং ১,৬৬৯ টি সরকার নিয়ন্ত্রিত ভোট কেন্দ্রে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে । প্রাপ্ত অগ্রীম তথ্য থেকে জানা যায় এবার পরিবর্তনের সম্ভাবনা খুবই বেশি।

জনাব স্তাফন ডি মিসতুরা বলেন, ভোট কেন্দ্রে কর্মরত স্বাধীন উচ্চ পর্যায়ের নির্বাচন কমিশন এবং সংশি-ষ্ট সব মন্ত্রণালয়ের কর্মীদের পেশাদারিত্বে তিনি খুবই খুশি।

ইরাকে জাতিসংঘ মিশন এর প্রধান জনাব স্তাফন ডি মিসতুরা বিস্তৃত ও ব্যাপক নির্বাচন অনুষ্ঠানের জন্য স্বচ্ছতা বাড়াতে এবং জাল ভোট কমাতে দেশব্যাপী ভোটার নিবন্ধন তালিকা নিরীক্ষণ করাসহ নির্বাচন কমিশনকে উপদেশ ও সহায়তা প্রদান করেন।

প্রাদেশিক নির্বিাচন আগামী ২০০৯ - ২০১০ সালে অনুষ্ঠিতব্য সংসদীয় নির্বাচনের একটি প্রাথমিক ধারাবাহিকতা যা পরবর্তীতে সংসদীয় নির্বাচনের সাথে একীভুত হবে। UNAMI সেপ্টেম্বরে দেশের নির্বাচনী আইন তৈরি এবং সংখ্যালঘু জনগোষ্টির অংশগ্রহনের জন্য আইন সংশোধণ করতে সহায়তা করে।

শনিবার ইরাকের ১৮ টি প্রদেশের মধ্যে ১৪ টি তে নির্বাচন অনুষ্ঠিত হবে। কুর্দিস্তান ও কিরকুক প্রদেশে পরবর্তী পর্যায়ে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে।

জাতিসংঘ পল-ী উন্নয়ন সংস্থা কাজাকিস্থানের দরিদ্র কৃষকদের সাহায্য করবে

২৭ জানুয়ারি- দারিদ্র বিমোচন, আয় বৃদ্ধি এবং ২৫০ টি গ্রামের কৃষকদের জীবনযাত্রার মান্নোয়নে জাতিসংঘ আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) কাজাকিস্থানের দরিদ্রতম অঞ্চলের কৃষকদের ১২ মিলিয়ন ডলারের একটি প্যাকেজ সাহায্য দিতে যাচ্ছে।

মধ্য এশিয়ার এই দেশটির খাতলন অঞ্চলটি এই উদ্যোগের মুল লক্ষ্যবস্তু, যেখানে পল-ী জনগোষ্টির দুই-তৃতীয়াংশ দরিদ্র মানুষের বসবাস।

ভূমি ক্ষয়, পুঁজি স্বল্পতা, সেচ সুবিধার অভাব এবং কৃষি ও বাজার সুবিধার সীমিত সুযোগ প্রভৃতির কারণে স্বল্প উৎপাদন খাতলন এলাকার সব কৃষকের একটি সাধারণ সমস্যা।

খাতলন জীবনযাত্রার মানোন্নয়ন প্রকল্পের মাধ্যমে ২০,০০০ পরিবারকে সহায়তা দেয়া হবে বলে আশা করা হচ্ছে। যার মধ্যে অন্ততঃ অর্ধেক হবে নারী। এ প্রকল্পে কৃষকদের সংগঠিত করা হবে এবং তাদের উন্নত প্রযুক্তি ও অর্থনৈতিক অবকাঠামোগত কিস্তি সরবরাহ করা হবে।

গত তিন দশক ধারে IFAD বিশ্বের ৩৫০ মিলিয়ন দরিদ্র পল-ী জনগোষ্ঠির আয় বৃদ্ধি ও তাদের পারিবারিক স্বচ্ছলতার জন্য ১০ বিলিয়নেরও বেশি বিনিয়োগ করেছে। বর্তমানে এই সংস্থা বিশ্বের ৯০ টি উন্নয়নশীল দেশে প্রায় ২৫০ টি প্রোগ্রাম ও প্রকল্প পরিচালনা করে সহায়তা প্রদান করেছে।

** ** **